গাংনীতে কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ ও উপকরণ বিতরণ

মেহেরপুরের গাংনীতে দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহয়তা প্রকল্প (ইরেস পো) ২য় পর্যায়ের আওতায় ১০০ জন্য শিক্ষার্থী নিয়ে গঠিত কিশোরী সংঘের সচেতনতা মূলক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল ১১টায় গাংনী উপজেলার জুগিন্দা মাধ্যমিক বিদ্যালয়ে সচেতনতা মূলক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল করিমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমি খানম।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ধানখোলা ইউপি চেয়ারম্যান আব্দুর রাজ্জাক, গাংনী উপজেলা পল্লী উন্নয়ন অফিসার শাহ আলম,সহকারী পল্লী উন্নয়ন অফিসার সাব্বির আহম্মেদ,স্কুল ব্যবস্থপনা কমিটির সভাপতি সহ বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা উপস্থিত ছিলেন।

প্রশিক্ষণে বাল্য বিবাহের কুফল, ইভটিজিং হলে করনীয়, যৌতুক প্রতিরোধে করনীয়সহ নানা সচেতনামূলক বিষয়ে আলোচনা ও কিশোরী সংঘের কিশোরীদের মাঝে স্যানেটারি ন্যাপকিন সহ শিক্ষা উপকরণ বিতরণ করা হয়।

গাংনীতে জাতীয় ইমাম সমিতির পক্ষ থেকে বন্যার্ত মানুষের সহায়তায় অর্থ সংগ্রহ শুরু

সিলেট,সুনামগঞ্জসহ বন্যার্ত ও বানভাসি মানুষের পাশে দাঁড়াতে মেহেরপুরের গাংনী উপজেলায় ত্রাণ তহবিল সংগ্রহ কার্যক্রম শুরু

করেছেন জাতীয় ইমাম সমিতির গাংনী উপজেলা কমিটি।

এ কমিটির তত্ত্বাবধানে গাংনী উপজেলা সকল মসজিদ, বিভিন্ন প্রতিষ্ঠান, বাজার, শিক্ষা প্রতিষ্ঠান ও গুরুপূর্ণ স্থান থেকে তহবিল সংগ্রহের এই কার্যক্রম পরিচালিত হবে। মহৎ এই উদ্যোগে সকলকে স্বতঃস্ফূর্ত ভাবে সাধ্য অনুযায়ী আর্থিক সহায়তা করে বন্যার্ত মানুষের পাশে দাঁড়ানোর আহ্বান জানিয়েছেন জাতীয় ইমাম সমিতির নেতৃবৃন্দ।

বুধবার সন্ধ্যায় গাংনী বাজার মসজিদে অর্থ সংগ্রহের বিষয়ে বিবৃতি পেশ করেন উপজেলা ইমাম সমিতির সভাপতি মাওঃ হাফেজ মোঃ রুহুল আমিন। উপজেলা মসজিদের পেশ ইমাম ও উপজেলা কমিটির সাধারণ সম্পাদক ইলিয়াস হুসাইন, সহ সভাপতি মাও. সাইফ উল্লাহ, ওয়ায়েস কুরুনি সদস্য আব্দুর রহমান ও বিশিষ্ট ব্যবসায়ী সালাউদ্দিন আহম্মেদ এসময় উপস্থিত ছিলেন। বিভিন্ন জনপূর্ণ স্থানে সহায়তা বক্◌্র স্থাপন করা হয়েছে। যে যার মত সহায়তার দাবী জানান এসকল নেতৃবৃন্দ।

গ্রাম ও শহর এবং দেশের বাইরে থাকা প্রবাসীরা সাধ্যমত সহযোগিতার হাত বাড়িয়ে দেন তাহলে বিপদগ্রস্থ পানিবন্দি মানুষের দুর্দশা লাঘব হবে। মানবতা মানবিক কারণে হলেও তাদের পাশে থাকা উচিত বলেও জানান ইমাম সমিতির নেতৃবৃন্দ। সকলের দেয়া সহযোগীতা পৌছে যাবে বন্যার্ত মানুষের দুয়ারে।

দেশ বিদেশ থেকে যে নাম্বারে সহায়তা পাঠাবেন তা হলো-বিকাশ নম্বর ০১৯১৮৬০৫০৯৫-০১৭২৩৬৮০৫৯৬।

গাংনীতে হুইল চেয়ার, সেলাই মেশিন ও ফুটবল বিতরণ

প্রয়াত ছাত্রলীগ নেতা কামরুজ্জামান বুড়ো স্মৃতি ফাউন্ডেশনের উদ্যোগে প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার ,অসহায় কর্মঠ প্রশিক্ষিত নারীদের মাঝে সেলাই মেশিন এবং যুব সমাজকে মাদক থেকে দুরে রাখতে যুবক ও তরুনদের মাঝে ফুটবর বিতরণ করা হয়েছে।

বুধবার বিকেলে জেলা ছাত্রলীগের সাবেক সহ সভাপতি ও প্রয়াত কামরুজ্জামান বুড়োর ভাগ্নে সাইফুজ্জামান শিপু তার কার্যালয়ের সামনে এক বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করেন।

মোঃ জিয়াউল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর -২ আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

সাইফুজ্জামান শিপুর সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে প্রয়াত কামরুজ্জামান বুড়োর স্মৃতিচারণ মুলক বক্তব্য রাখেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মকলেছুর রহমান মুকুল, গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুর রাজ্জাক, এমপি পত্নী লাইলা আরজুমান শিলা,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, উপজেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মাস্টার ও যুবলীগ নেতা রাহিবুল ইসলাম প্রমুখ।

বিভাগীয় শহরে নিয়োগ দেবে উরি ব্যাংক

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে দক্ষিণ কোরিয়া ভিত্তিক প্রতিষ্ঠান উরি ব্যাংক। ব্যাংকটিতে ‘অফিসার/ সিনিয়র অফিসার’ পদে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী যোগ্য প্রার্থীরা আবেদন করতে পারবেন।

পদের নাম

অফিসার/ সিনিয়র অফিসার (ট্রেডিট)।

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

স্বীকৃত যেকোনো বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো বিষয়ে স্নাতক অথবা স্নাতকোত্তর পাস প্রার্থীরা আবেদন করতে পারবেন। একাডেমকি ভালো ফলাফল থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে দুই থেকে পাঁচ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বিভিন্ন ট্রেড কোর্স সম্পন্ন করলে অগ্রাধিকার দেওয়া হবে। যোগাযোগ দক্ষতা থাকতে হবে, ইন্টারপারসোনাল স্কিল ও

উপস্থাপনার দক্ষতা থাকতে হবে। কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে।

কর্মস্থল

ঢাকা ও চট্টগ্রাম।

বেতন

আলোচনা সাপেক্ষে। এ ছাড়া কোম্পানির নীতিমালা অনুসারে অন্যান্য সুবিধা প্রদান করা হবে।

আবেদন প্রক্রিয়া

আগ্রহী প্রার্থীরা বিডিজবস অনলাইনে আবেদন করতে পারবেন।

আবেদনের শেষ তারিখ

২৮ জুন, ২০২২।

সূত্র : বিডিজবস

বিটকয়েনের বাজারে ধস

ধস নেমেছে ডিজিটাল মুদ্রা বিটকয়েনের বাজারে। ২০২০ সালের ডিসেম্বরের পর থেকে প্রথমবারের মতো ২০ হাজার মার্কিন ডলারের নিচে নেমে গেছে বিটকয়েনের মূল্য।

গত ১৮ মাসের মধ্যে সর্বোচ্চ দরপতন হয়েছে বিটকয়েনের। মূলত আর্থিক নীতির সম্ভাবনার মধ্যে ক্রিপ্টোকারেন্সির বাজারের অভিমুখ নিম্নমুখী হয়ে পড়ায় এই দরপতন হয়েছে বলে জানিয়েছে সংবাদমাধ্যমগুলো।

ব্লুমবার্গের তথ্য অনুসারে, বাজার মূল্যের দিক থেকে সবচেয়ে এগিয়ে থাকা বিটকয়েনের মূল্য শনিবার বিকেলে ১৩.৭ শতাংশেরও বেশি কমে যায়। এতে করে এর মূল্য ১৭ হাজার ৫৯৩ ডলারে নেমে আসে। যার ফলে গত ১৮

মাসে সবচেয়ে কম বাজারদরে পৌঁছেছে বিশ্বের সবচেয়ে জনপ্রিয় এই ক্রিপ্টোকারেন্সিটি। ২০২১ সালের জানুয়ারির পর সামগ্রিক বাজারমূল্য কমে গেছে ১ ট্রিলিয়ন ডলারের নিচে।

এ দিকে বিটকয়েনের পর সবচেয়ে জনপ্রিয় ক্রিপ্টোকারেন্সি ইথিরিয়ামও ধসের সম্মুখীন হয়েছে। চলতি বছরে ৭৪ শতাংশ হ্রাস পেয়ে এই মুদ্রার বাজারদর এখন ১ হাজারের ঘরে।

বিশ্লেষকদের মতে, ক্রিপ্টোকারেন্সির দামের পতন শেয়ার বাজার এবং অন্যান্য সম্পদের দামের পতনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। কারণ, মার্কিন ফেডারেল রিজার্ভ ব্যাংকের মতো বিশ্বের অন্যান্য দেশের কেন্দ্রীয় ব্যাংকগুলো মূল্যবৃদ্ধির বিরুদ্ধে লড়াই করার জন্য আর্থিক নীতিকে ক্রমশ কঠোর করে চলেছে।

বিশেষজ্ঞদের একাংশ মনে করেন, ক্রিপ্টোকারেন্সি নিয়ে কোনো মৌলিক নীতি নেই। শেয়ার বাজারের তুলনায় ব্যাপক অস্থিরতা কাজ করে এখানে। এর ফলে ক্রিপ্টোকারেন্সিকে কেন্দ্র করে একটি বাবেল তৈরি হয়েছে। যার ফলে এমন ভয়াবহ পতন।

উল্লেখ্য, ক্রিপ্টোকারেন্সি এক ধরনের ভার্চুয়াল মুদ্রা। যা ইন্টারনেটের মাধ্যমে লেনদেন হয়ে থাকে। সারা বিশ্বে বর্তমানে এ ধরনের মুদ্রার সংখ্যা আট হাজারের বেশি এবং এগুলোর মধ্যে সবচেয়ে জনপ্রিয় হচ্ছে বিটকয়েন। রেকর্ড দরপতনের আগে বিটকয়েনের মূল্য ছাড়িয়েছিল ৬৮ হাজার মার্কিন ডলার।

মুজিবনগরে ঈদুল আযহা উপলক্ষে ভর্তুকি মূল্যে টিসিবির পণ্য বিক্রয়ের উদ্বোধন

পবিত্র ঈদুল আযহা উপলক্ষে সারা দেশে সরকারের নির্ধারিত ১ কোটি উপকারভোগী পরিবারের মাঝে টিসিবির পণ্য ২কেজি ডাল,১কেজি চিনি এবং ২ লিটার করে সয়াবিন তেল ভর্তুকি মূল্যে বিক্রয়ের অংশহিসেবে

মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়ন পরিষদে টিসিবির পণ্য বিক্রয়ের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে ।

বুধবার সকাল ১১টার দিকে মোনাখালী ইউনিয়ন পরিষদ চত্বরে জেলা প্রশাসনের আয়োজনে টিসিবি’র পণ্য বিক্রির উদ্বোধন করেন জেলা প্রশাসক ডঃ মোহাম্মদ মুনসুর আলম খান ।

উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক নাজমুল হুদা, উপজেলা পরিষদ চেয়ারম্যান জিয়া উদ্দিন বিশ্বাস, উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার, সহকারী কমিশনার ভূমি এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মাহমুদুল হাসান, উপজেলা ভাইস চেয়ারম্যান আলহাজ্ব রফিকুল ইসলাম মোল্লা, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ ওসি মেহেদী রাসেল, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সমাজসেবা অফিসার আব্দুর রব, মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম রফা, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মফিজুর রহমান মাফিজ সহ ইউনিয়ন পরিষদের সদস্য গন উপস্থিত ছিলেন। ভর্তুকি মূল্যের টিসিবি’র পণ্য প্রথম দিনে মোনাখালী ইউনিয়নে ১৫ শ পরিবারের মধ্যে ৫’শ টি পরিবারের কাছে বিক্রি করা হবে এবং পর্যায় ক্রমে ইউনিয়নের সকল উপকার ভোগী এবং উপজেলার প্রত্যেক ইউনিয়নের উপকার ভোগীদের মাঝে বিক্রয় করা হবে।

সেপ্টেম্বরে মুখোমুখি হচ্ছে ব্রাজিল-আর্জেন্টিনা

হাজারও চেষ্টা করেও ব্রাজিলের বিপক্ষে বিশ্বকাপ বাছাইয়ের সেই ম্যাচটি না খেলে পার পাচ্ছে না আর্জেন্টিনা।

ফিফার নির্দেশ, নির্ধারিত সময়ই খেলতে হবে ‘বাতিল’ হওয়া সেই ম্যাচ। সেজন্য আগামী বুধবারের মধ্যে ব্রাজিলকে ম্যাচের ভেন্যুর ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে হবে। সাও পাওলোতে গত বছর সেপ্টেম্বরে বিশ্বকাপ বাছাইপর্বের অগ্নিগর্ভ ম্যাচে চিরপ্রতিদ্বন্দ্বী ব্রাজিলের মুখোমুখি হয়েছিল আর্জেন্টিনা।

ম্যাচের ৭ মিনিটের মাথায় কোভিড বিধিনিষেধ ভাঙার অভিযোগে আর্জেন্টিনার চার খেলোয়াড়কে ধরতে মাঠে ঢুকে পড়েন ব্রাজিলের স্বাস্থ্য বিভাগের কর্মকর্তারা বেধে যায় লংকাকাণ্ড। স্থগিত হয়ে যায় ম্যাচ।

আর্জেন্টিনা আশায় ছিল, পণ্ড ম্যাচের পুরো তিন পয়েন্ট তাদের ঝুলিতে যাবে। কিন্তু পাঁচ মাসের বেশি সময় পর গত ফেব্রুয়ারি ফিফা সেই ম্যাচ ফের আয়োজনের নির্দেশ দেয়।

পাশাপাশি মিথ্যা তথ্য দিয়ে ব্রাজিলে প্রবেশের অভিযোগে আর্জেন্টিনার চার ফুটবলার রোমেরো, এমিলিয়ানো মার্তিনেজ, এমিলিয়ানো বুয়েন্দিয়া ও জিওভান্নি লো সেলসোকে দুই ম্যাচ করে নিষিদ্ধ করে ফিফা।

কিন্তু এরইমধ্যে ম্যাচটি দুই দলের কাছেই গুরুত্বহীন হয়ে পড়ে। কারণ ইতোমধ্যে কাতার বিশ্বকাপের টিকিট নিশ্চিত করে ফেলে লাতিন আমেরিকার দুই পরাশক্তি।

যে কারণে যে কোনো উপায়ে ম্যাচটি এড়িয়ে যেতে চাচ্ছিল ব্রাজিল ও আর্জেন্টিনা। কিন্তু তা আর হচ্ছে না। তাদের বাতিল হওয়া সেই ম্যাচটি আগামী ২২ সেপ্টেম্বরের মধ্যে ম্যাচ আয়োজনের নির্দেশ দিয়েছে ফিফা।

আর বুধবারের মধ্যে সেই ম্যাচের ভেন্যু ঠিক করে ফিফাকে জানাতে হবে ব্রাজিলকে।

এদিকে ম্যাচ আয়োজনের জন্য তিনটি ভেন্যুর বিষয় পর্যালোচনা করছে ব্রাজিলিয়ান ফুটবল ফেডারেশন – ইউরোপ, যুক্তরাষ্ট্র কিংবা ব্রাজিলে। ইউরোপে আর্জেন্টিনার বিপক্ষে ম্যাচটি খেলার পর একটি আফ্রিকান দলের বিপক্ষে প্রীতি ম্যাচ খেলার পরিকল্পনা রয়েছে ব্রাজিলের।

এদিকে যুক্তরাষ্ট্র ব্রাজিল-আর্জেন্টিনার দ্বৈরথ আয়োজনে আগ্রহী অনেকদিন ধরেই। তাদের কথাও মাথায় রেখেছে ব্রাজিল। এই দুটির কোনোটি না হলে ব্রাজিল ঘরের মাঠেই আর্জেন্টিনাকে আতিথেয়তা দিতে চায়।

সূত্র: ওলেডটকম, আর্জেন্টিনা

সম্মেলনের দেড় মাস পর কোটচাঁদপুর উপজেলা কৃষক লীগের কমিটি ঘোষণা

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা কৃষক লীগের ত্রি-বার্ষিক সম্মেলনের প্রায় দেড় মাস পর সভাপতি-সাধারণ সম্পাদক সহ কমিটির নাম প্রকাশ করা হয়েছে।

সোমবার সন্ধ্যায় জেলা কৃষকলীগের সভাপতি মোঃ সাজেদুল ইসলাম সোম ও সাধারণ সম্পাদক মোঃ আশরাফুল আলম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে আগামী ৩ বছরের জন্য কেন্দ্রীয় কৃষকলীগের নির্দেশনায় মোঃ আনোয়ার জাহিদ তুহিনকে সভাপতি ও শুশান্ত চক্রবর্তীকে সাধারণ সম্পাদক হিসাবে ঘোষণা করা হয়।

এছাড়াও সিনিয়র সহ-সভাপতি হিসাবে মোঃ আনোয়ার হোসেন মুকুল, সহ-সভাপতি দেবদাস ভট্রাচার্য ও সহ-সভাপতি পদে মোঃ শাফিউর রহমান শফির নাম ঘোষণা করা হয়েছে।

দলীয় সূত্রে জানা যায়, গেল ১১ মে কোটচাঁদপুর উপজেলা কৃষকলীগের সম্মেলন অনুষ্ঠিত হয়। এতে প্রধান অথিতি হিসাবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল।

বাংলাদেশ কৃষক লীগের ভারপ্রাপ্ত সভাপতি বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব শরীফ আশরাফ আলী সম্মেলনরে উদ্বোধক ও প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন। এছাড়াও বাংলাদেশ কৃষক লীগের উপদেষ্টা মন্ডলীর সদস্য ও ঝিনাইদহ সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান এ্যাড.মোঃ আব্দুর রশিদ, কেন্দ্রীয় কৃষক লীগের সাংগঠনিক সম্পাদক অধ্যাপক নাজমুল ইসলাম পান্, সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক মোছাঃ হালিমা রহমান, সহ-প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পদক মোঃ নুরুল ইসলাম বাদশা, কেন্দ্রীয় যুবলীগের প্রেসিডিয়াম সদস্য ও সাবেক সাংসদ নবী নেওয়াজ, উপজেলা আ.লীগের সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান

শরিেফেুন্নছা মিকি, উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, জেলা কৃষক লীগের সভাপতি মোঃ সাজেদুল ইসলাম সোম, সাধারণ সম্পাদক আশরাফুল আলম, প্রমূখ উপস্থিত ছিলেন।

সম্মেলন ঘিরে নেতা-কর্মীদের উৎসব ও আমেজের মধ্যে কমিটি গঠনের প্রক্রিয়া শুরু হলেও নেতারা প্রতিদ্বন্দী প্রার্থীদের রোষানলে পড়েন। পরবর্তিতে কমিটির নাম ঘোষণা না করেই কেদ্রীয় নেতাসহ স্থানীয় নেতারা চলে যায়।

অবশেষে সকল জল্পনা-কল্পনার অবশান ঘটিয়ে প্রৃায় দেড় মাস পর উপজেলা কৃষকলীগের এই কমিটির নাম ঘোষণা করা হলো।

চুয়াডাঙ্গায় লিড বাংলাদেশ প্রকল্পের যুবদের মাঝে অনুদান প্রদান

চুয়াডাঙ্গায় লিড বাংলাদেশ প্রকল্পের যুবদের মাঝে অনুদান প্রদান করা হয়েছে।

মঙ্গলবার বেলা সাড়ে ৪টার সময় চুয়াডাঙ্গা দৌলতদিয়ার দক্ষিণ পাড়ার প্রকল্পের আওতাধীন যুব মহিলা সদস্য রত্না খাতুন কে এই অনুদান প্রদান করা হয়।

অনুদান প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক মাকসুরা জান্নাত।

এ সময় তিনি বলেন, ওয়েভ ফাউন্ডেশন এর আওতাধীন লিড বাংলাদেশ প্রকল্প কাজ করছেন যুবকদের নিয়ে। যুব নের্তৃত্বের বিকাশে প্রকল্পটি খুবই সময়োপযোগী। এসময় তিনি আরও বলেন,চুয়াডাঙ্গায় আমরা যুবদের বিভিন্ন ধরনের প্রশিক্ষণ দিয়ে থাকি এবং সেই সাথে নারী উদ্যোক্তা তৈরিতে কাজ করে যাচ্ছি।

অনুদান প্রদান অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, ওয়েভ ফাউন্ডেশনের

উপদেষ্টা আব্দুস শুকুর,নারী ইউপি সদস্য জাহানারা বেগম, প্রকল্প সমন্বয়কারী শরিফুল আলম লিটন, প্রকল্প অফিসার মাসুদুর রহমান সহ ৩৫ জন নারী উদ্যোক্তা।

কার্পাসডাঙ্গায় মোটরসাইকেলে ট্রাক্টরের ধাক্কা, প্রাণ গেল যুবকের

চুয়াডাঙ্গার দামুড়হুদায় মাটিবোঝাই ট্রাক্টরের ধাক্কায় মিনাল হোসেন নামে (২৮) এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন।

মঙ্গলবার সকাল ৮টার দিকে উপজেলার কার্পাসডাঙ্গা বাজারের মুচি বটতলা মোড়ে এ দুর্ঘটনা ঘটে। নিহত মিনাল দামুড়হুদা উপজেলার সদাবরি গ্রামের আফতাব হোসেনের ছেলে।

প্রত্যক্ষদর্শীরা জানান, সকালে মোটরসাইকেলে কর্মস্থল থেকে বাড়ি ফিরছিলেন মিনাল। কার্পাসডাঙ্গা বাজারের মুচি বটতলা মোড়ে পৌঁছালে মাটি বোঝাই একটি ট্রাক্টর তাকে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই তিনি নিহত হন।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফেরদৌস ওয়াহিদ জানান, ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় ট্রাক্টরটি উদ্ধার করা গেলেও চালক ইয়ামিন আলী পালিয়ে গেছেন। তাকে ধরতে অভিযান অব্যাহত রয়েছে